

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART – II

বাংলা – সাম্মানিক

তৃতীয় পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমানের নির্দেশক।

- ১। উদাহরণ সহযোগে দলবৃত্ত (স্বরবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। ১২

অথবা

যে-কোনো দুটি বিষয়ে টীকা লিখুন :

২ × ৬ = ১২

দল, সনেট, চরণ, গদ্যছন্দ।

- ২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করুন :

২ × ৪ = ৮

ক) বৃদ্ধা পৌষ-শীত-জর্জর, শিরে কুহেলির জটা,

মিটমিট করি, মেলিয়া আকাশে ঝাপসা দৃষ্টি কটা;

প্রভাতে-প্রদোষে লতা-পাতা-ঘাসে শিশিরের জাল বোনে

কভু উদাসীন রোদে পিঠ দিয়া বসি, রয় আনমনে।

খ) কণ্টকগাড়ি কামলসম পদতল

মঞ্জীর চীরহি ঝাঁপি।

গাগরি বারি চারি করি পীছল

চলতহি অঙ্গুলি চাপি।

গ) রজনীর অঙ্ককার

উজ্জ্বয়িনী করি দিল লুপ্ত একাকার।

দীপ দ্বারপাশে

কখন নিভিয়া গেল দুরন্ত বাতাসে।

ঘ) দুই পাশে দুই অঙ্কার মধ্যখানে চড়া
মধ্যে পাতা একটি হাত হাতে বসুন্ধরা।
হাতের উপর লক্ষ রেখা, রেখায় ছোট জল
জলে ভাসছে গাছের পাতা, পাতায় উঠি চল।

৩। উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহযোগে উপমা অলঙ্কারের বিভিন্ন বিভাগগুলি আলোচনা করুন। ১২

অথবা

যে-কোনো দুটি অলঙ্কার উদাহরণসহ ব্যাখ্যা করুন :

২ × ৬ = ১২

পরম্পরিত রূপক, অপহুতি, বিরোধ, শ্লেষ।

৪। যে কোনো দুটি উদ্ধৃতির অলঙ্কার নির্ণয় করুন :

২ × ৪ = ৮

ক) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ

মৌন অপমানে।

খ) এনেছে তোমার স্বামী বাঁন্ধি নিজগুণে।

গ) এ পুরীর পথমাঝে যত আছে শিলা

কঠিন শ্যামার মতো কেহ নাই আর।

ঘ) দেখেছিলাম ময়না পাড়ার মাঠে

কালো মেয়ের কালো হরিণ চোখ।

ঙ) মাথার উপরে জুলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে।

৫। 'অভিসার' বলতে কী বোঝায় ? বৈষ্ণব পদাবলীতে 'অভিসার' পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য বুঝিয়ে দিন। এই পর্যায়ের পদের শ্রেষ্ঠ পদকর্তা কে ? তাঁর যে-কোনো দুটি অভিসারের পদে যে কাব্যসৌন্দর্য ফুটে উঠেছে তার পরিচয় দিন। ১০

২ + ৩ + ১ + ৯ = ১৫

অথবা

“শান্ত-দাস্য-সখ্য-বাৎসল্য পেরিয়ে মধুর রসে অবগাহনই বৈষ্ণব পদাবলীর মুখ্য উদ্দেশ্য।” — এই মন্তব্যের পদে আপনার যুক্তি দিন। ১০

৬। “আগমনী ও বিজয়ার পদগুলিতে ভক্তিভাব ছাপিয়ে বড় হয়ে উঠেছে মান-অভিমান ও হাসি-কান্নায় ভরা গার্হস্থ্য মর্মস্পর্শী রূপ।” — আলোচনা করুন। ১০

অথবা

“রামপ্রসাদ সেনের 'ভক্তের আকুতি' পর্যায়ের পদে ঘটেছে সমসাময়িক জীবনসংগ্রামের প্রত্যক্ষ প্রতিফলন।” — পদে পদে অবলম্বনে মন্তব্যটি বিচার করুন। ১০

- ৭। “দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে কবি মুকুন্দ চক্রবর্তী অসাধারণ দক্ষতা সঙ্গেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই তাঁর স্বভাব ধর্ম।” — পঠিত অংশ অবলম্বনে মন্তব্যটি বিচার করুন। ১৫

অথবা

‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশে সেকালের সমাজ-বাস্তবতার যে পরিচয় পাওয়া যায় তা আপনার নিজের ভাষায় লিখুন।

- ৮। আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ

জরা শিশু কতদিন গেলা।

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? তাঁর আক্ষেপের কারণ কী ? ১ + ১ + ৩ = ৫

অথবা

হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে

পরায় পিরীতি লাগি থির নাহি বান্ধে।

— পদটির রচয়িতা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

- ৯। খলের প্রধান যত কে আছে তোমার মত —

আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ।

— কে, কার উদ্দেশ্যে মন্তব্যটি করেছে ? ‘খলের প্রধান’ অভিধাটির তাৎপর্য বিশ্লেষণ করুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

বিষের কৃমি বিষে থাকি মা, বিষ খেয়ে প্রাণ রাখি সদাই।

আমি এমন বিষের কৃমি মাগো, বিষের বোঝা নিয়ে বেড়াই।

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

- ১০। উইচারা খাই আমি নামেতে ভালুক

নেউগী চৌধুরী নই না করি তালুক।

— কার উদ্দেশ্যে, কে একথা বলেছে ? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫

অথবা

দুঃখ কর অবধান দুঃখ কর অবধান।

আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।।

— বক্তা কে ? কার সম্পর্কে তার এই অভিযোগ ? প্রসঙ্গটি ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩ = ৫
